গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
জেন্ডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট
আনসারী ভবন (৫ম তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০

নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯ (অংশ-৩).২৭০ তারিখ : ১৩/০৪/২০২৩ খ্রি:

বিষয়: **চট্টগ্রাম বিভাগে ০২/০৫/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠেয় "Training on Health Sector Response to Gender Based Violence (GBV)" শীর্ষক কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে আমন্ত্রণ।**

স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের গৃহীত "Health Sector Response to Gender Based Violence" শীর্ষক কার্যক্রম সারাদেশে চলমান রয়েছে। এর অংশ হিসেবে মূলত: মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানকারীদেরকে GBV এর ক্ষেত্রে Survivors Management বিষয়ে কার্যকরী ধারণা প্রদান ও সংবেদনশীল করার নিমিত্ত চট্টগ্রামে "Training on Health Sector Response to Gender Based Violence (GBV)" শীর্ষক কর্মসূচি আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠান আগামী ২ মে, ২০২৩ খ্রি: মঙ্গলবার সকাল ৯:৩০ মি: বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম-এর কার্যালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে। বর্ণিত কর্মসূচিতে প্রধান অতিথির আসন অলংকৃত করতে ড. মো: আমিনুর রহমান, এনডিসি, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয় সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। এতে সভাপতিত্ব করবেন ড. মো: এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট। এ সাথে কর্মসূচির ব্রিফ সংযুক্ত করা হলো।

৩। উক্ত অনুষ্ঠানে তাঁকে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো। তাঁর উপস্থিতি অংশগ্রহণকারীদের শুধু উদ্বুদ্ধই করবে না-- এ প্রশিক্ষণ কর্মসূচির সফল বাস্তবায়ন বহুলাংশে সাফল্যমন্ডিত করবে।

১৩/০৪/২০২৩

(মো: সাইদুর রহমান খান)
প্রোগ্রাম ম্যানেজার
জিএনএসপি ইউনিট
স্বাস্থ্য সেবা বিভাগ
মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮
ই-মেইল: msrk_6415@yahoo.com

জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ASSET, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

**অনুলিপি (সদয় অবগতির জন্য): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**

১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম।
৩। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), চট্টগ্রাম।
৪। ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ।
৫। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

# প্রশিক্ষণের সারমর্ম

## ভূমিকা

২০১৬ খ্রি: যৌন সহিংসতায় সার্ভাইভারদের স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য "Protocol for health Care Providers on Health Sector Response to Gender Based Violence" শীর্ষক একটি প্রটোকল প্রণয়ন করা হয়। এ কার্যক্রমে UNFPA Bangladesh সম্পৃক্ত হয়। ২০১৭-২০১৮ খ্রি মেয়াদে ৪র্থ সেক্টর প্রোগ্রামের সূচনাকালে তৎকালীন সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী প্রোটকলটি আরও শাণিত ও তথ্যসমৃদ্ধ করার উদ্দেশ্যে জামালপুর ও মৌলভীবাজার জেলায় মাঠ পর্যায়ে পাইলটিং করা হয় । পরবর্তীতে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রোটকলটির স্বীকৃতি প্রদান করা হয় এবং একইসাথে সেটা সারা দেশে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য সকল সংস্থায় বিতরণের নির্দেশনা প্রদান করা হয়। একই সময়ে হাইকোর্ট থেকে ধর্ষণের শিকার নারীদের ফরেনসিক পরীক্ষার অংশ হিসেবে "2 finger test" নিষিদ্ধকরণসহ মোট ৮ দফা নির্দেশনা প্রদান করা হয়।

এর ধারাবাহিকতায় ২০১৯ খ্রি: থেকে মাল্টি সেক্টোরাল কর্মসূচির অংশ হিসেবে সারা দেশে বিভাগীয় পর্যায়ে ডাক্তার, নার্স, প্রথম শ্রেণীর পুলিশ কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের অংশগ্রহণে প্রশিক্ষণ শুরু করা হয় এবং প্রতি অর্থবছরে এখন এটি একটি চলমান কার্যক্রম। প্রশিক্ষণের পাশাপাশি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পর্যন্ত এই সেবা নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনাসহ ২০১৯ এবং ২০২১ খ্রি তৎকালীন সিনিয়র সচিব মহোদয়গণের স্বাক্ষরে পরিপত্র জারি করা হয়।

২০১৯ খ্রি: স্বাস্থ্য সেবা প্রদানকারীদের ই-লার্নিং সুবিধার্থে প্রোটকলের উপর ভিত্তি করে বাংলায় "Clinical Management of Rape (CMR)" শীর্ষক একটি ওয়েব বেসড মডিউল তৈরি করা হয় এবং সেটা স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে সন্নিবেশ করা হয়। এ কার্যক্রমে UNFPA Bangladesh সম্পৃক্ত হয়। ২০২০ খ্রি: জিবিভি সেবার তথ্য নিয়মিত রিপোর্টিং এর জন্য UNFPA Bangladesh এর সহযোগিতায় আনুষঙ্গিক রেজিস্টার, মহিলা ও পুরুষ সার্ভাইভারদের শারীরিক পরীক্ষার ফর্ম, রেফারেল ফর্ম ইত্যাদি প্রণয়ন করে সারা দেশে সংশ্লিষ্ট স্বাস্থ্যকেন্দ্রে বিতরণ করা হয়েছে। ২০২০-২০২১-২০২২ খ্রি: জিবিভি সেবার তথ্য DHIS 2 তে সংযুক্ত করে সংশ্লিষ্ট ওয়েব সাইটে দৃশ্যমান করা হয়েছে। এর সাথে সংশ্লিষ্ট নার্স এবং পরিসংখ্যানবিদদের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের এর MIS এর সহযোগিতায় প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য যে, ২০২১ খ্রি দ্রুততম সময়ে তাৎক্ষণিকভাবে জিবিভি সেবা নিশ্চিত করতে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সুবিধার্থে প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ "Survivor Kit Box" এর ব্যবস্থা করা হয়েছে। প্রতিটি বক্সে ২২ প্রকার উপকরণ আছে, যা দিয়ে একজন জিবিভি সার্ভাইভারের মেডিকেল চিকিৎসা ও ফরেনসিক পরীক্ষা অনায়াসে করা যায়। একই সরঞ্জামসহ ২ ধরনের বক্স প্রস্তুত করা হয়েছে। একটি হল বড় বক্স, যাতে ১০ জন সার্ভাইভারকে এবং একটি ছোট বক্স যাতে ৫ জন সার্ভাইভারকে সেবা প্রদানের প্রয়োজনীয় উপকরণ আছে। সকল মেডিকেল কলেজ হাসপাতাল ও জেলা সদর হাসপাতাল একটি করে বড় বক্স এবং সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি করে ছোট বক্স বিতরণের কার্যক্রম চলমান রয়েছে।

## প্রশিক্ষণের উদ্দেশ্যসমূহ:

১। জিবিভি সারভাইভারদের জন্য আপডেট করা প্রোটোকলের উপর ধারণা প্রদান করা;

২। অডিও ভিজুয়াল কনটেন্ট সমৃদ্ধ ওয়েব বেজড মডিউলের ওপর আলোচনা করে তা ব্যবহারে উৎসাহিত করা;

৩। একটি পরিষেবা বিধান হিসাবে জিবিভি প্রোটোকলের জন্য আইনী নির্দেশাবলী সম্পর্কে ধারণা প্রদান করা।